প্রকাশনার ৭৬ বছর
সংবাদ
সোমবার, ২০ জুলাই ২০২৬

# এসএসসি পরীক্ষায় শিক্ষার্থীবান্ধব ৫ উদ্যোগ নিল সরকার

প্রকাশের তারিখ : ১৫ জুলাই ২০২৬




এইচএসসি ও সমমানের পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনে শিক্ষার্থীবান্ধব ৫টি উদ্যোগ নিয়েছে সরকার। প্রতিকূল আবহাওয়ায় পরীক্ষায় অংশ নিতে না পারাদের বিশেষ সুযোগ, পদার্থবিজ্ঞানের ভুল প্রশ্নে পূর্ণ নম্বর এবং দায়ীদের সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ।

বুধবার (১৫ জুলাই) প্রধানমন্ত্রী তারেক রহমানের শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা মাহদী আমিন সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে এসব তথ্য জানান।

**নতুন ৫ উদ্যোগ**

১. সবার মতামত নিয়ে পরীক্ষা চালু: চট্টগ্রাম বোর্ড ছাড়া সারা দেশে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, পুলিশ সুপার, শিক্ষাবোর্ডের চেয়ারম্যান, আবহাওয়া অধিদপ্তরের কর্মকর্তা ও অংশীজনদের মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে পূর্বনির্ধারিত সময় অনুযায়ী পরীক্ষা চালু রাখা হয়েছে।

২. স্থানীয় প্রশাসনকে ক্ষমতা: কোথাও যাতায়াত বা জলাবদ্ধতার কারণে সমস্যা হলে প্রয়োজনে কেন্দ্র পরিবর্তন, পরীক্ষা স্থগিত বা পরীক্ষার সময় বৃদ্ধিসহ যেকোনো প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য স্থানীয় প্রশাসনকে নির্দেশনা দেওয়া হয়েছে।

৩. অনুপস্থিতদের বিশেষ সুযোগ: প্রতিকূল আবহাওয়া কিংবা সংশ্লিষ্ট অনিবার্য কারণে যারা চলমান এইচএসসি ও সমমান পরীক্ষার কোনো বিষয়ে অংশগ্রহণ করতে পারেনি, তারা চট্টগ্রাম শিক্ষাবোর্ডের স্থগিত হওয়া সংশ্লিষ্ট বিষয়ের অভিন্ন

প্রশ্নপত্রে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত একই তারিখ ও সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৪. ভুল প্রশ্নে পূর্ণ নম্বর: পদার্থবিজ্ঞান প্রথম পত্রের দুটি ভুল প্রশ্নের জন্য সকল পরীক্ষার্থীকে পূর্ণ নম্বর দেওয়া হবে।

৫. দায়ীদের বরখাস্ত: পদার্থবিজ্ঞান প্রথম পত্রের ভুল প্রশ্নপত্র প্রণয়নে দায়ী ব্যক্তিদের সাময়িক বরখাস্ত করা হয়েছে।

প্রধানমন্ত্রীর শিক্ষা উপদেষ্টা জানান, চট্টগ্রাম বোর্ড ব্যতীত সারাদেশে ২ হাজার ৫৮৩টি পরীক্ষা কেন্দ্রে আজকের পরীক্ষা স্বতঃস্ফূর্ত ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে।

---

প্রকাশনার ৭৬ বছর

সংবাদ

**সম্পাদক ও প্রকাশক**
**আলতামাশ কবির**

**নির্বাহী সম্পাদক**
**শাহরিয়ার করিম**

**প্রধান, ডিজিটাল সংস্করণ**
**রাশেদ আহমেদ**

কপিরাইট © ২০২৬ | সংবাদ | সর্বস্বত্ব সংরক্ষিত